

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৭৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ পূর্বের সংক্ষিপ্ত হাদীসের ব্যাখ্যাকারী হাদীস যা প্রমাণ করে যে, সাহাবীগণকে সালাতে শান্ত থাকার নির্দেশ দেওয়া হয়েছিল যখন তারা সালাম ফেরানোর সময় হাত দিয়ে ইশারা করেছিলেন; রুকূ'র সময় রফ'উল ইয়াদাইন করার সময় এই নির্দেশ দেওয়া হয়নি

ذِكْرُ الْخَبَرِ الْمُقْتَضِي لِلَّفْظَةِ الْمُخْتَصِرَةِ الَّتِي تَقَدَّمَ ذِكْرُنَا لَهَا بِأَنَّ الْقَوْمَ إِنَّمَا أُمروا بِالسُّكُونِ فِي الصَّلَاةِ عِنْدَ الْإِشَارَةِ بِالتَّسْلِيمِ دُونَ رَفْعِ الْيَدَيْنِ عِنْدَ الرُّكُوعِ

## আরবী

1877 \_ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ وَمُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ سَعِيدِ السَّعْدِيُّ قَالَا: حَدَّثَنَا عَلِيُّ بْنُ خَشْرَمٍ قَالَ: أَخْبَرَنَا عِيسَى بْنُ يُونُسَ عَنْ مِسْعَرٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ الْقِبْطِيَّةِ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: كُنَّا إِذَا صَلَّيْنَا خَلْفَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قُلْنَا بِأَيْدِينَا: السَّلَامُ عَلَيْهُ وَسَلَّمَ: (مَا لِي أَرَى بِأَيْدِينَا: السَّلَامُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا لِي أَرَى بَايْدِينَا: السَّلَامُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا لِي أَرَى أَيْدِينَا: السَّلَامُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا لِي أَرَى أَيْدِينَا: السَّلَامُ عَلَيْهُ وَسَلَّمَ: (مَا لِي أَرَى عَنْ شَمَالًا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا لِي أَرَى أَيْدِيكُمْ كَأَنَّهَا أَذْنَابُ خَيْلٍ شُمْسٍ؛ إِنَّمَا يَكْفِي أَحَدَكُمْ أَنْ يَضَعَ يَدَيْهِ عَلَى فَخِذِهِ ثُمَّ يُسلِلِمُ عَنْ شَماله)

الراوي: جَابِر بْن سَمُرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1877 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (916)

## বাংলা

১৮৭৭. জাবির বিন সামুরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "যখন আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পিছনে সালাত আদায় করতাম, তখন ডানে-বামে হাত বাড়িয়ে বলতাম السَّلَامُ عَلَيْكُمُ (আপনাদের উপর শান্তি বর্ষিত হোক)। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আমার কী হলো যে, আমি তোমাদের হাত দেখতে পাচ্ছি, যেন তা অবাধ্য ঘোড়ার লেজের ন্যায়। নিশ্চয়েই তোমাদের জন্য এটাই যথেষ্ট যে, তোমরা উরুর উপর হাত রাখবে তারপর ডানে ও বামে সালাম ফেরাবে।"[1]



## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৭৩৩; মুসনাদ্ ইমাম শাফে জ: ১/৯২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩১৩৫; হুমাইদী: ৮৯৬; মুসনাদ আহমাদ: ৫/৮৬; আবূ দাউদ: ৯৯৮; নাসাঈ: ৩/৪-৫; তাবারানী আল কাবীর: ১৮৭৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৯৯; মুসনাদ আহমাদ: ৫/১০১; সহীহ মুসলিম: ৪৩০; নাসাঈ: ৩/৪; সুনান বাইহাকী: ২/২৮০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৯১৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন